

**মুক্তিযুদ্ধের ১৫ বর্ষ দলিল
পুনঃমুদ্রণের সিদ্ধান্তে ৥ নতুন
৫ খণ্ড সংযুক্ত হবে**

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে মহান মুক্তিযুদ্ধের স্মৃতি ও পূর্বাঙ্ক ইতিহাস প্রণয়ন এবং ভবিষ্যৎ প্রত্যক্ষের জন্য ৫১ খণ্ডের মধ্যে সংশ্লিষ্টদের উদ্যোগ গ্রহণ করেছে। সরকার বাংলাদেশের মুক্তিযুদ্ধ দলিল ও ইতিহাস বিষয়ক প্রকল্প প্রকাশ শীর্ষক প্রকল্পের সার্বিক তত্ত্বাবধানের জন্য দেশের বিশিষ্ট শিক্ষাবিদ, ইতিহাসবিদ ও সমাজের ব্যক্তিগণের সহায়ত সম্প্রতি ৯ সদস্য বিশিষ্ট একটি প্রত্যয়ন কমিটি গঠন করেছেন। সংগঠিত প্রত্যয়ন কমিটির প্রথম সভা গতকাল বুধবার মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। প্রত্যয়ন কমিটির সভাপতি ও মুক্তিযুদ্ধ বিষয়ক প্রতিমন্ত্রী বেদেজান আহমেদ এমপি এতে সভাপতিত্ব করেন। সভায় প্রত্যয়ন কমিটির সদস্য প্রফেসর এম. মুনিরুজ্জামান মিয়া, সাবেক উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়, প্রফেসর এম. জহাঙ্গীর আহমেদ, উপাচার্য ইউনিভার্সিটি অব ভেভেলপায়েট অস্ট্রেলিয়া, ব্যাবিটার মহিনুর হোসেন, সম্পাদকমণ্ডলীর সভাপতি দৈনিক ইত্তেফাক, অধ্যাপক নিরজুল ইসলাম, ইতিহাস বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয়, প্রফেসর কে. এম. মহসীন, সদস্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, প্রফেসর আব্দুল কাশেম মজিব মেমোরিয়াল, বাংলা বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয়, এবং প্রফেসর জসিম উদ্দীন আহমেদ, উপাচার্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় উপস্থিত ছিলেন। সভায় বাংলাদেশ সরকার কর্তৃক ইতিপূর্বে প্রকাশিত হাসান মুক্তিযুদ্ধের বিষয়ক স্মরণীয় ১৫ বর্ষ দলিল পুনঃমুদ্রণের সিদ্ধান্ত গৃহীত হয়। গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী উল্লেখিত ১৫ খণ্ড পুনঃমুদ্রণের পাশাপাশি আরও ৪টি দলিল সংগ্রহ করে ৫টি দলিল খণ্ড প্রকাশিত হবে। তাছাড়া মুক্তিযুদ্ধকালীন ১১টি সেক্টরের উপর লুপ্ত ১১টি খণ্ড প্রকাশ করা হবে। যুদ্ধকালীন গ্রেড ফোর্স, এস ফোর্স, কে ফোর্স-এ তিনটি ট্রিগেড ফোর্সের অবদানের কথাও তুলে ধরা হবে। - প্রেস বিজ্ঞপ্তি